# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন। বেশকিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে তাঁর।

২) এসএসসির প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল মামলায় সুপ্রিমকোর্টের রায় পুনর্বিবেচনার আবেদন জানিয়েছে রাজ্য সরকার এবং স্কুল সার্ভিস কমিশন।

৩) মুম্বাই-এ আজ শেষ হয়েছে ভারতের প্রথম ওয়েবস্ সম্মেলন। ৭৭-টি দেশের প্রতিনিধিরা ওয়েবস্ ঘোষণাপত্র গ্রহণ করেছে।

৪) পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর দাবিতে বিজেপি আগামীকাল রাজ্যের প্রতিটি জেলায় বিক্ষোভের ডাক দিয়েছে।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশা উপকূলে বিস্তৃত তিনটি ঘূর্ণাবর্তের জেরে রাজ্যে আগামী কয়েকদিন বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

৬) ইডেনে আজ তীব্র উত্তেজনাপূর্ণ আই পি এল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স ১ রানে রাজস্থান রয়্যালস্-কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন। কলকাতা থেকে বহরমপুর পৌঁছে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিদের সঙ্গে বৈঠক করবেন। পরদিন সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের জেরে হিংসা কবলিত সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন বলে জানা গেছে। কথা বলবেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সদস্যদের সঙ্গে। সূতির ছাপঘাটি কেডি বিদ্যালয়ের মাঠে এক অনুষ্ঠানে বেশকিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে তাঁর। সেখান থেকেই হিংসায় আক্রান্ত পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা তুলে দেবেন মুখ্যমন্ত্রী। একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – মামুন)

এদিকে, মূর্শিদাবাদে অশান্তিতে ক্ষতিগ্রস্ত শতাধিক পরিবারের নষ্ট হয়ে যাওয়া নথিপথ যুদ্ধকালীন তৎপরতায় তৈরি করে দিতে হবে বলে রাজ্য সরকার নির্দেশ জারি করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, মুখ্যমন্ত্রীর মুর্শিদাবাদ সফরকে কটাক্ষ করে বিজেপি নেতা শমীক ভট্টাচার্য বলেছেন, রাজ্য সরকার মুর্শিদাবাদের সঠিক সমস্যা চিহ্নিত করতে পারছে না।

(বাইট – শমীক)

কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেছেন, মমতা ব্যানার্জী আসলে দেখাতে চাইছেন, সেখানে কিছুই হয়নি।

(বাইট – অধীর)

দীঘার জগন্নাথ মন্দির নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বক্তব্যকে সমর্থন করে তিনি বলেন, ওড়িশার পুরীর মন্দিরের পবিত্র কাঠ চুরি করে মূর্তি বানানোর যে অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে ওড়িশা সরকারের তদন্ত কমিশন গঠন, সঠিক সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০

সামশেরগঞ্জের জাফরাবাদে হিংসায় মৃত হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের পারিবারের সদস্যদের অপহরণের অভিযোগের ভিত্তিতে মুর্শিদাবাদ পুলিশ দল আজ বিধাননগরের একটি বাড়িতে যায়। কিন্তু পরিবারের তরফ থেকে এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করা হয়েছে।

বর্তমানে হরগোবিন্দ দাসের পরিবারের লোকজন সল্টলেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বাড়িতে আশ্রয় নিয়েছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

এসএসসির প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল মামলায় সুপ্রিমকোর্টের রায় পুনর্বিবেচনার আবেদন জানিয়েছে রাজ্য সরকার এবং স্কুল সার্ভিস কমিশন। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে আগামী ৮ মে এই রিভিউ পিটিশনের শুনানি হতে পারে।

দুর্নীতি এবং একাধিক অনিয়মের অভিযোগে, গত ৩রা এপ্রিল এসএসসি-র ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল বাতিল করে দেয় শীর্ষ আদালত। এ ক্ষেত্রে হাইকোর্টের ২০২৪ সালের ২২ এপ্রিলের নির্দেশ বহাল রেখে সুপ্রিমকোর্টের বক্তব্য ছিল, সঠিক তথ্য না থাকায় যোগ্য এবং অযোগ্যদের পৃথকীকরণ সম্ভব হয়নি। তবে সুপ্রিমকোর্ট যোগ্যদের পুরনো কর্মস্থলে ফিরে যাওয়ার জন্য আবেদন করার সুযোগ দেয়। নতুন করে নিয়োগপ্রক্রিয়া শুরু করারও নির্দেশ দেওয়া হয়।

এরপর, শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ার আশঙ্কা করে নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়া পর্যন্ত শিক্ষকদের কাজ চালিয়ে যাওয়ার অনুমতি দেওয়ার আবেদেন জানায় রাজ্য ওমধ্যশিক্ষা পর্ষদ। শীর্ষ আদালত যোগ্য শিক্ষকদের চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখার নির্দেশ দেয়। এর মধ্যেই নতুন নিয়োগ সম্পন্ন করতে নির্দেশ দেয় সর্বোচ্চ আদালত।

০০০০০০০০০০০০০০০০০০

চাকরিতে পুনর্বহালের দাবিতে আজ কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে যান যোগ্য তালিকায় নাম না থাকা চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। মুখ্যমন্ত্রীর দপ্তরের আধিকারিকরা তাঁদের বক্তব্য শোনেন। বৈঠকের পর 'ইউনাইটেড টিচিং অ্যান্ড নন টিচিং ফোরামের' তরফে অর্ঘ্য দাস অভিযোগ করেন, SSC প্রথমে ১৭ হাজার ২০৬ জনের যোগ্য তালিকা তৈরি করলেও, পরে ১৫ হাজার ৪০৩ জনের তালিকা তৈরি করা হয়। আগের তালিকা অনুযায়ী, সকলকে সুপ্রিম কোর্টের নির্দেশ মতো, ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখার দাবি জানান তাঁরা। তাঁরা যে অযোগ্য নন, সেসংক্রান্ত নথিপত্র ও ডেপুটেশন মুখ্যমন্ত্রীর দপ্তরে জমা দিয়েছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গেও আলোচনায় বসার দাবি জানিয়েছেন তাঁরা।

(বাইট - অর্ঘ্য দাস)

০০০০০০০০০০০০০০০০০০

এখন ওয়েভস-এর খবর –

(মিজিক)

বিশ্ব দৃশ্যশ্রাব্য বিনোদন সম্মেলন ওয়েভস্-২০২৫ আজ মুম্বাই-এর জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে শেষ হয়েছে। গত বৃহস্পতিবার চারদিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৯০-টিরও বেশি  দেশের ১০ হাজারেরও অধিক প্রতিনিধি এই শিখর সম্মেলনে যোগ দেন। সম্মেলনে সংবাদমাধ্যম এবং বিনোদন জগতের কৃত্রিম বুদ্ধিমত্তা, গণমাধ্যমের বিশ্বায়ণ, কনটেন্ট তৈরির ভবিষ্যত, উদীয়মান প্রযুক্তি ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ওয়েভস্ বাজারে দেশের ক্রিয়েটার এবং চলচ্চিত্র

নির্মাতাদের সঙ্গে এক হাজার ৩-শো কোটি টাকারও বেশি ব্যবসায়িক চুক্তি হয়েছে। গ্লোবাল মিডিয়া ডায়লগে ৭৭-টি দেশের প্রতিনিধিরা ওয়েভস্ ঘোষণাপত্র গ্রহণ করেছে।

(মিজিক)

ooooooooooooooooooo

পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর দাবিতে বিজেপি আগামীকাল রাজ্যের প্রতিটি জেলায় বিক্ষোভের ডাক দিয়েছে। বালুরঘাটে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার পাকিস্তানী নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর জন্য একটি বিজ্ঞপ্তি জারি করলেও রাজ্য সরকার এবিষয়ে কোন তথ্য প্রকাশ করেনি ।

( বাইট – সুকান্ত)

ooooooooooooooooooo

কাশ্মীরের পহেলগাঁওয়ে জঙ্গী হামলার প্রতিবাদে পথে নামল বর্ধমানের বিভিন্ন স্কুল-কলেজের প্রাক্তনীরা। আজ সন্ধ্যায় বীরহাটা ঘড়ি মোড় থেকে কার্জন গেট পর্যন্ত মিছিল করেন তারা। কার্জন গেটে ২৬ টি মোমবাতি জ্বালিয়ে নিহতদের আত্মার শান্তি কামনা করা হয়।

oooooooooooooooooooooo

বেহালা থানা এলাকায় বনমালী ঘোষাল রোডে আজ বিকেলে একটি বাড়ির পাঁচতলায় আগুন লগে। দমকলের তিনটে গাড়ি প্রায় একঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনে। হতাহতের খবর নেই।

oooooooooooooooooo

আইআইটি খড়্গাপুরে এক পড়ুয়ার অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে। আজ সকালে হোস্টেলের ঘর থেকে মোহাম্মদ আসিফ কামার নামে ওই ছাত্রের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। সিভিল ইঞ্জিনিয়ারিং এর চতুর্থ বর্ষের ছাত্র আসিফ বিহারের বাসিন্দা।

oooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুর থানার পুলিশ এক নাবালিকার শ্লীলতাহানির অভিযোগে ৪ যুবককে গ্রেপ্তার করেছে। ধৃতদের দুর্গাপুর আদালতে পেশ করা হলে বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়ে আগামীকাল পকসো আদালতে তোলার নির্দেশ দেওয়া হয়েছে।

ooooooooooooooo

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের “বন্দে মাতরম” এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে জাতীয় সাহিত্য প্রকাশন ট্রাস্টের তরফে আজ গোলপার্কের রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মিশনের সম্পাদক স্বামী সুপর্ণানন্দজী মহারাজ। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র ১৮৭৬ সালে প্রথম এই গান রচনা করেন এবং ১৮৮২ সালে এটি আনন্দমঠ উপন্যাসে অন্তর্ভুক্ত করা হয়। উল্লেখ্য, ট্রাস্টের ২৫ বছর পূর্তি উপলক্ষে বছর ব্যাপী আন্তর্জাতিক সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশা উপকূল পর্যন্ত বিস্তৃত তিনটি ঘূর্ণাবর্তের জেরে অনুকূল পরিস্থিতি তৈরি হওয়ায় গোটা রাজ্যে আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপমাত্রার পারদ স্বাভাবিকের চেয়ে

কম থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছে।

(বাইট – সোমনাথ)

এদিকে, কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ২ ডিগ্রী কম। দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস।

ooooooooooooooooooo

ইডেনে আজ তীব্র উত্তেজনাপূর্ণ আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স ১ রানে রাজস্থান রয়ালসকে হারিয়ে দিয়েছে। টসে জিতে প্রথমে ব্যাট করে কেকেআর ২০ ওভারে ৪ উইকেটে ২০৬ রান তোলে। আন্দ্রে রাসেল ৫৭ রানে অপরাজিত থাকেন। অঙ্ক্রিশ রঘুবংশী করেন ৪৪ রান।

oooooooooooooooooooo